গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০৬.২০১৮- ১৫৬

তারিখ : ২৯ বৈশাখ ১৪২৬ / ১২ মে ২০১৯

**বিষয় : মাসিক সমন্বয়সভার কার্যবিবরণী প্রেরণ**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৮ এপ্রিল ২০১৯ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয়সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ১৯.০৫.২০১৯ তারিখের মধ্যে হার্ডকপি সরাসরি এবং সফট কপি পেনড্রাইভে (Nikosh font ১৩ সাইজে) প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী

১২/০৫/১৯

(মুহাম্মদ আবদুল হাই মিলটন)
সিনিয়র সহকারী সচিব
ফোন #:+৮৮০ ৪৭১২৪৩৫৯
ই-মেইল : admin3@ssd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

**সুরক্ষা সেবা বিভাগঃ**

১। অতিরিক্ত সচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। উপসচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৪। উপপ্রধান(পরিকল্পনা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৬। সিনিয়র সহকারী সচিব .................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৭। সিনিয়র সহকারী প্রধান(পরিকল্পনা-১), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৮। সহকারী প্রধান(পরিকল্পনা-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৯। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ।
১০। সহকারী সচিব................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

**অধিদপ্তরসমূহঃ**

১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।

**অনুলিপিঃ**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

১৬৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

## সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর অধীন অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত সমন্বয়সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ শহিদুজ্জামান, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
তারিখ ও সময় : ২৮ এপ্রিল ২০১৯, বেলা ১১.০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সুরক্ষা সেবা বিভাগের অধীন প্রতিটি অধিদপ্তর/উইং-এর চলমান কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে আরো আন্তরিকতা, দক্ষতা ও নিষ্ঠার সাথে কাজ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)কে অনুরোধ জানান। সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| ক্র. | আলোচ্যসূচি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | গত সভার (মার্চ, ২০১৯) কার্যবিবরণী নিশ্চিতকরণ। | মার্চ, ২০১৯-এর সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা নিশ্চিত করা হয়। |

| ক্র. | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| | **নির্বাচনী ইশতেহার ২০১৮ (সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ) :** | |
| ২.১ | ক) **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর** :<br>• মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি ও চলমান অভিযান অব্যাহত থাকবে। মাদকাসক্তদের পুনর্বাসনের জন্য সরকারি অর্থায়নে সংশোধনাগারের সংখ্যা বৃদ্ধি করা হবে [অনু. ৩.৬ ]<br>• তরুণদের মাদকের ভয়াল আসক্তি থেকে মুক্ত করতে প্রতিটি জেলায় একটি করে সরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র করা ও বেসরকারি কেন্দ্রগুলোর জন্য সরকারি অনুদান বাড়ানো হবে [অনু. ৩.১১] | • সমাজ থেকে চিরতরে মাদক নির্মূল করার লক্ষ্যে মাদকের কুফল সম্পর্কে গণসচেতনতামূলক কার্যক্রম ও অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে;<br>• এ্যাকশন প্ল্যান অনুযায়ী মাদকের বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টির অংশ হিসাবে ঢাকা বিভাগে একটি মহাসমাবেশ অনুষ্ঠিত হয়েছে, অপরাপর বিভাগীয় শহরেও মাননীয় মন্ত্রীসহ গণ্যমান্য ব্যক্তির উপস্থিতিতে অনুরূপ সমাবেশের আয়োজন করা;<br>• কক্সবাজার জেলার টেকনাফে মাদকবিরোধী বিশেষ জোন স্থাপনের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয় কর্তৃক সম্মতি প্রদানকৃত ৩১ জনবল সৃজনে সচিব কমিটির অনুমোদন গ্রহণ ত্বরান্বিত করা;<br>• ২৫০ শয্যা বিশিষ্ট কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের আধুনিকীকরণের ডিপিপি দ্রুত চূড়ান্ত করা;<br>• ৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপনের ডিপিপি চূড়ান্ত করা;<br>• বৃহত্তর জেলাসহ মাদকপ্রবণ জেলাসমূহে ১০০ শয্যা বিশিষ্ট সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপনের ডিপিপি দ্রুত চূড়ান্ত করা;<br>• অবশিষ্ট জেলাসমূহে ৫০ শয্যা বিশিষ্ট সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপনের ডিপিপি দ্রুত চূড়ান্ত করা;<br>• বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহে আর্থিক অনুদান প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;<br>• প্রশিক্ষণ একাডেমি নির্মাণের কার্যক্রম দ্রুত শুরু করা;<br>• 'মডার্নাইজেশন অব ডিএনসি' প্রকল্প দ্রুত বাস্তবায়ন করা;<br>**বাস্তবায়নে : মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ** |
| | খ) **ইমিগ্রেশন পাসপোর্ট অধিদপ্তর** :<br>• **ই-পাসপোর্ট এবং ই-ভিসা চালু করা হবে [অনু. ৩.২১] :** | • ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থা দ্রুত চালু করার ব্যবস্থা করা;<br>• ই-ভিসা এবং ই-টিপি চালু করা;<br>• ৩টি আন্তর্জাতিক বিমানবন্দর ও ২টি স্থল বন্দরে ৫০টি ই-গেইট স্থাপন করা;<br>• চলমান ৩২টি দেশের সাথে ভিসা অব্যাহতি চুক্তি সম্পন্ন করা;<br>• ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র স্থাপণের জন্য ডিপিপি পুনর্গঠন দ্রুত চূড়ান্ত করা;<br>• প্রধান কার্যালয়ের ভবন নির্মাণের জন্য ডিপিপি পুনর্গঠন কার্যক্রম দ্রুত সম্পন্ন করা;<br>**বাস্তবায়নে : মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/নিরা: ও বহি: অনুবিভাগ** |

**২.২ ই-টেন্ডারিং :**

**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :** ৬টি দরপত্র আহবান/ক্রয় ইজিপি পদ্ধতিতে সম্পন্ন করা হয়েছে।

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** পণ্য ক্রয়ের জন্য টেন্ডার আহ্বান করা হয়েছে।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :** ২টি প্যাকেজের দরপত্র ইজিপি পদ্ধতিতে আহ্বান করা হয়েছে।

**কারা অধিদপ্তর :** ৩৩টি প্যাকেজের দরপত্র ই-জিপি'র মাধ্যমে আহ্বান করে ৩২টি প্যাকেজ ক্রয় প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এবং ১টি প্যাকেজ বাতিল করা হয়েছে।

- প্রস্তুতকৃত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার পণ্য/সেবা পিপিআরসহ সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণপূর্বক ১০০% ই-জিপি পদ্ধতিতে সম্পন্ন করা;
- অধিদপ্তরসমূহের ক্রয় কার্যক্রম ইজিপি পদ্ধতিতে করার বিষয়টি উইং প্রধানগণ কর্তৃক follow up-এ রাখা।

**বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব(প্রশাসন-২)**

**২.৩ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :** বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২০১৮-১৯ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) অর্জন প্রতিবেদন প্রেরণের নির্ধারিত তারিখ ছিল ১৫.০৪.১৯। নির্ধারিত সময়ের মধ্যেই মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস সফটওয়ারে আপলোড করা হয়েছে।

| অধিদপ্তর | সূচক সংখ্যা | মোট নম্বর | মন্তব্য |
|---|---|---|---|
| ফায়ার সার্ভিস ও সি. ডি. অধিদপ্তর | ১৩ | ২০ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২০১৮-১৯ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) অর্জন প্রতিবেদন **প্রেরণের নির্ধারিত তারিখ ১৫.০৪.১৯। নির্ধারিত সময়ের মধ্যেই মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস সফটওয়ারে আপলোড করা হয়েছে।** |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১৪ | ২০ | |
| কারা অধিদপ্তর | ০৬ | ১৪ | |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ০৭ | ১২ | |

- মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণপূর্বক বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির শতভাগ বাস্তবায়নের জন্য রোড ম্যাপ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা।

**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান(সকল)/ জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা**

**২.৪ <u>সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের শূন্যপদ পূরণ কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি :</u>**

| মন্ত্রণালয়/ অধীন অধিদপ্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | ২৬০ | ১৮৪ | ৭৬ |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ১,১৬১ | ১,০৬৬ | ৯৫ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১৭১৩ | ১১৭৪ | ৫৩৯ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ১১৮৯০ | ৯৯৮০ | ১৯১০ |
| কারা অধিদপ্তর | ১২,১৭৮ | ১০৪৯৮ | ১৬৮০ |
| মোট = | **২৭২০২** | **২২৯০২** | ৪৩০০ |

- সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে নিয়োগ বিধি অনুযায়ী শূন্যপদে জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করা;
- পিএসসি-এর মাধ্যমে পূরণযোগ্য শূন্যপদসমূহ পিএসসি-এর সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রেখে দ্রুত পূরণের ব্যবস্থা করা এবং বাস্তবায়ন অগ্রগতি সমন্বয়সভায় উপস্থাপন করা;

**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান(সকল)/ সংশ্লিষ্ট উইং প্রধান/সিনিয়র সহকারী সচিব(প্রশাসন-১)**

**২.৫ অডিটঃ**

- **সুরক্ষা সেবা বিভাগ : ০৩টি;**
- **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর:** মোট আপত্তি-৫৩টি, নিস্পত্তি-১১, অবশিষ্ট-৪২টি;
- **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-**মোট আপত্তি-১৩৩টি, নিস্পত্তি-১৩টি, অবশিষ্ট-১২০টি;
- **কারা অধিদপ্তর:**-মোট আপত্তি-৩৬৩টি, নিস্পত্তি-১২০টি, অবশিষ্ট-২৪৩টি;
- **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর:** কোন আপত্তি নেই।

- কোন দপ্তর বা সংস্থায় ব্রডশিট জবাব প্রদান যেন পেন্ডিং না থাকে তা নিশ্চিত করা;
- সময়মত বস্তুনিষ্ঠ জবাব প্রেরণ না করার কারণে সাধারণ আপত্তি যেন অগ্রিম আপত্তিতে রূপান্তরিত না হয় সে জন্য সথাসময়ে প্রমাণকসহ জবাব দেয়া;
- অধিদপ্তর/সংস্থাওয়ারী অডিটের শ্রেণিবিন্যাস অনুযায়ী সাধারণ, অগ্রিম, খসড়া ও সংকলন আপত্তির পৃথক পৃথক হিসাব সমন্বয়সভায় উপস্থাপন করা;
- অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন মাসিক সমন্বয়সভায় নির্ধারিত "ছকে" উপস্থাপন করা;

**বাস্তবায়নে : সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/অধিদপ্তর প্রধান/উপসচিব(বাজেট) ও ফোকাল কর্মকর্তা**

**২.৬ পেনশনঃ**

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** প্রাক্তন উপপরিদর্শক মরহুম বেলায়েত হোসেন এর পারিবারিক পেনশন।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :** ১টি অনিষ্পন্ন পেনশন কেইস ২য় স্ত্রীর সন্তানের DNA পরীক্ষার কোর্ট ফি জমা করা হয়েছে DNA রিপোর্ট পাওয়া যায়নি।

**কারা অধিদপ্তর :** জনাব শেখ আবদুল অমিক, সিনিয়র তত্ত্বাবধায়ক ও জনাব মোঃ আনোয়ারুল হক, সিনিয়র জেল সুপার-এর পেনশন মঞ্জুরির কার্যক্রম প্রক্রিয়াধীন ।

- এ বিভাগের অধীন অধিদপ্তরসমূহের যে সকল কর্মকর্তা/কর্মচারীদের পেনশন কেসের প্রস্তাব এ বিভাগে অনিষ্পন্ন রয়েছে সে সকল প্রস্তাব দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা;
- পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান কর্তৃক তত্ত্বাবধান করা;

**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ**

**২.৭ পরিদর্শন :**

**সিদ্ধান্তসমূহ :**

- প্রত্যেক মাসে অধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ ও অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখা;
- চলমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি এবং মাঠ পর্যায়ের দপ্তর কর্তৃক প্রদত্ত সেবার মান যাচাই করা এবং সেবার মান উন্নয়নে সেবা গ্রহীতাদের সাথে মতবিনিময় করা, বিরাজমান গুরুতর সমস্যাসমূহ উর্ধ্বতন কর্মকর্তার নিকট মতামতসহ লিখিতভাবে অবহিত করা;
- উর্ধ্বতন কর্মকর্তার পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা, সংশ্লিষ্ট অনুবিভাগ কর্তৃক পরিদর্শনে প্রদত্ত সুপারিশ এর প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/অনুবিভাগ প্রধান(সকল)**

**২.৮ অনিষ্পন্ন বিষয়/পত্রাদি :**

সভায় অধিদপ্তর প্রধান সকলেই জানান যে, অনিষ্পন্ন বিষয়সমূহের নিষ্পত্তির কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

- সুরক্ষা সেবা বিভাগের অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তি করা, প্রয়োজনে অনিস্পন্ন বিষয়সমূহ দ্রুত নিস্পত্তির স্বার্থে এ বিভাগের সচিবকে অবহিত করা ;

**বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ।**

**২.৯ প্রশিক্ষণ :**

| অধিদপ্তরের নাম | কর্মকর্তা/ কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | বর্তমান মাসে প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | ক্রমপুঞ্জিত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) |
|---|---|---|---|---|
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর : | ১ম | ২৩ | ১৫.৩০ | ৪০.০০ |
| | ২য় | ১৫ | ১৫.৩০ | ৩৩.৩০ |
| | ৩য় | ১৬৮ | ১৪ | ৩৩.৪০ |
| | ৪র্থ | ৩১ | - | ৫ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১ম | ১০৩ | ১৩.৪৬ | ৯৩.২৭ |
| | ২য় | ১৪৩ | ১.৪৭ | ১২.৫০ |
| | ৩য় | ৬২৮ | ১৮.৯৮ | ৫৯.২৬ |
| | ৪র্থ | ৭৯ | - | ৪৮.৬০ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ১ম | ২২ | ০০ | ২১.৯ |
| | ২য় | ৭১৮ | ২০.৮ | ২৩৪.০৯ |
| | ৩য় | ২,০৯৯ | ২৭.৩৯ | ১০৫.০০ |
| | ৪র্থ | ৭,১৪৪ | ২৮.৩৮ | ১৬২.২৫ |
| কারা অধিদপ্তর | ১ম | ১৪৪ | ৩ | ৯৯ |
| | ২য় | ১৮২ | ৪ | ৯৭ |
| | ৩য় | ৩৯৮ (সিভিল) | ৫ | ৮৯ |
| | ৩য় | ৯২৩৮ (ইউনিফর্ম) | ৪ | ৯১ |
| | ৪র্থ | -- | ০০ | ০০ |

**সিদ্ধান্তসমূহ :**

- কর্মকর্তা/কর্মচারীগণের জন্য Need based প্রশিক্ষণের ব্যবস্থা করা এবং নির্ধারিত সময়ের মধ্যে তা সম্পন্ন করা;
- প্রশিক্ষণসূচি যথাসময়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিত করা যাতে কর্মকর্তা/কর্মচারীগণ যথাসময়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারেন;
- ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এবং কারা অধিদপ্তরের ৪র্থ শ্রেণির কর্মচারীগণের প্রশিক্ষণ কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করার দৃশ্যমান উদ্যোগ গ্রহণ করা।

**বাস্তবায়নে: বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/জনাব মোঃ আবদুল হাই মিল্টন, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা**

**২.১০ ওয়েবসাইট হালনাগাদকরণ :**

- বড় বড় মন্ত্রণালয়ের অনুসরণে সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের ওয়েবসাইট সমৃদ্ধ করা;
- জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য হালকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি ওয়েবসাইটে আপলোড করা;
- এ বিভাগ এবং অধীন দপ্তরসমূহের ওয়েবসাইট নিয়মিত আপলোডের অগ্রগতি সমন্বয়সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মো: হেলাল মাহমুদ শরীফ, যুগ্মসচিব কর্তৃক উপস্থাপন করা।

**বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/যুগ্মসচিব(বহি-৪ অধিশাখা)**

**২.১১ ই-ফাইলিং:**

| বিভাগ/সংস্থার নাম | বর্তমান অবস্থান | বিবেচ্যমাসে গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | মধ্যম ক্যাটেগরির মন্ত্রণালয়/বিভাগসমূহের মধ্যে ৪র্থ | • সকল শাখা/অধিশাখায় ই-ফাইলিং কার্যক্রম চালু আছে। |
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | মধ্যম ক্যাটেগরির অধিদপ্তরমূহের মধ্যে ১২তম | • ৪০% নথি ই-ফাইলিং এ নিষ্পন্নকৃত। |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ছোট ক্যাটেগরির অধিদপ্তরমূহের মধ্যে ১২তম | • অধিদপ্তরের সকল অধিশাখায় ই-ফাইলিং কার্যক্রম চালু করা হয়েছে |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ছোট ক্যাটেগরির অধিদপ্তরমূহের মধ্যে ১১তম | • সকল শাখায় ই-ফাইলিং কার্যক্রম চালু করা হয়েছে। অগ্রগতি ৭০%। |
| কারা অধিদপ্তর | ছোট ক্যাটেগরির অধিদপ্তরমূহের মধ্যে ১৭তম | • অধিদপ্তরের প্রতিটি শাখায় ই-নথির মাধ্যমে নথি গ্রহণ, নিষ্পন্ন, সৃজন, পত্র জারি ও নথিজাত করা হচ্ছে। |

- ই-ফাইলিং এর মাধ্যমে পত্র উপস্থাপনপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে পত্র জারির মাধ্যমে নিষ্পত্তি করা;
- ই-ফাইলিং কার্যক্রমে আরো উৎকর্ষ আনয়নপূর্বক গুণগত মান বৃদ্ধি করা;
- ই-ফাইলিং কার্যক্রমের রেটিং এর উপর মান নিয়ন্ত্রণে প্রচেষ্টা অব্যাহত রাখা;
- ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের সামগ্রিক অগ্রগতি শাখা/অধিদপ্তরওয়ারী শতকরা হারে প্রদর্শন করা;

**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)**

**২.১২ ইনোভেশন ও উত্তম চর্চা** : বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ইনোভেশন সংখ্যা ৪টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২টি, কারা অধিদপ্তরের ৫টি।

- ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নে দৃশ্যমান উন্নতি সাধনে ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের আরও তৎপর হওয়া;
- মাসিক সমন্বয়সভায় বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তম চর্চা বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ছকে উপস্থাপন করা;

**বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ/চিফ ইনোভেশন কর্মকর্তা**

**২.১৩ মামলা :**

সুরক্ষা সেবা বিভাগের অধীন দপ্তরসমূহের মামলার অগ্রগতি নিম্নরূপ :

| অধিদপ্তরের নাম | অনিষ্পন্ন মামলার সংখ্যা | সর্বশেষ অবস্থা |
|---|---|---|
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | টাইটেল স্যুট-১<br>দেওয়ানি-১<br>এটি মামলা-৯টি<br>রিট পিটিশন-১৬৬টি | বিচারাধীন |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | এটি মামলা-৩টি<br>এএটি মামলা-৬টি<br>রিট পিটিশন-৪৮টি | বিচারাধীন |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | এটি মামলা-১৫টি<br>এএটি মামলা-২টি<br>রিট পিটিশন-৩৬টি<br>লিভ টু আপিল-২টি | বিচারাধীন |
| কারা অধিদপ্তর | এটি মামলা-৪৯টি<br>এএটি মামলা-১৭টি<br>রিট মামলা-২০টি<br>লিভ টু আপিল-২৯টি<br>সিভিল রিভিশন-১টি | বিচারাধীন |

- অধিদপ্তরসমূহের মামলা বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিয়ে সভা করে মামলা সংক্রান্ত তথ্য, মামলার ধরন কোর্টওয়ারী হালকরণ করে এ বিভাগ থেকে প্রদত্ত ছকে যুগ্মসচিব(আইন) কর্তৃক প্রণয়নপূর্বক সমন্বয়সভায় উপস্থাপন করা;
- মামলায় সরকারি স্বার্থ রক্ষা করে নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করা;
- তদবিরের অভাবে কোন মামলা যেন খারিজ না হয় সেদিকে লক্ষ্য রাখা;
- আদালতে যেন সরকারি স্বার্থ রক্ষা হয় সে জন্য সকল অধিদপ্তরে আপিল নিষ্পত্তি কর্মকর্তা নিয়োগ করা;
- চলমান মামলাসমূহ যথাযথভাবে follow up এ রাখা;
- মাসিক সমন্বয়সভায় সংস্থাওয়ারী মামলার অগ্রগতি উপস্থাপন করা;
- প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল মামলা, কোর্টভিত্তিক মামলা এবং অন্যান্য ক্যাটাগরির মামলা আলাদা কলামে উল্লেখ করা;

**বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/আইন ও শৃঙ্খলা অনুবিভাগ**

| | | |
|---|---|---|
| ২.১৪ | **বিবিধ :** | |
| | **১৪.১ ভিডিও কনফারেন্সিং :** | • প্রত্যেক মাসে ভিডিও কনফারেন্সিং-এর আয়োজন করা;<br>**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা** |
| | • ১৪.২ অগ্নি দুর্ঘটনা রোধকল্পে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ফায়ার সপ্তাহ পালন :<br>• ১৪.৩ প্রকল্পর বাস্তবায়ন অগ্রগতি : | • অগ্নি দুর্ঘটনা রোধকল্পে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ফায়ার সপ্তাহ পালনে যথাযথ উদ্যোগ গ্রহণ করা;<br>প্রকল্পর বাস্তবায়ন অগ্রগতির চিত্র সুনির্দিষ্ট আকারে কিংবা ক্ষেত্র বিশেষে শতকরা হারে সভায় উপস্থাপন করা।<br>**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান।** |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ